

এইখানাটা চিলড্রেন এবং ইয়ং পিপলস সোশ্যাল কেয়ার কেটে রেখে দিবেন।

গোপনীয়তা বিজ্ঞপ্তি - ড্যাটা প্রোটেকশন অ্যাক্ট (তথ্যাদি স্বরক্ষা আইন) ১৯৯৮

শিশু, স্কুল এবং পরিবার বিভাগে (DCSF) আমাদের কিছু তথ্যাদি পাঠানোর দরকার হয় (কিন্তু কোন শিশু বা নবীন ছেলেমেয়েদের নাম নয়)। এইসব তথ্যাদি লীড্‌স্ সিটি কাউন্সিল এবং DCSF এর সেবাগুলি উন্নত করতে সাহায্য করে। আমরা এবং DCSF আপনার সম্বন্ধে যেসব তথ্যাদি সংগ্রহ করে রেখে ব্যবহার করি বা অন্যদের দিই সেগুলির একটি প্রতিলিপি যদি আপনি পেতে চান তাহলে দয়া করে

www.teachernet.gov.uk/management/ims/datamanagement/privacynotices এই ওয়েবসাইটে যান অথবা আপনার সোশ্যাল ওয়ার্কারকে বলুন।

এ্যাসেসমেন্টের সময়ে কি হবে?

চিলড্রেন এবং ইয়ং পিপলস্ সোশ্যাল কেয়ারের কাছে যখন সাহায্য করার জন্য অনুরোধ আসে তখন একজন সোশ্যাল ওয়ার্কার একবার বা কয়েকবারই হয়ত আপনার সঙ্গে এবং আপনার পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে কথা বলবেন। আপনার সোশ্যাল ওয়ার্কার আপনার সন্তান (দের) সম্বন্ধে জানতে চাইবেন-উদাহরণস্বরূপ, তাদের স্বাস্থ্য, স্বভাব, শিক্ষা, কোন বিষয়গুলি বাবা বা মা হিসাবে আপনাকে প্রভাবিত করে, কি সাহায্য বা সহায়তা আপনি পান এবং কি ধরণের সহায়তা আপনি পেতে চান। আপনার সন্তানেরা যদি বড় হয় তাহলে তাদের সঙ্গেও আপনার সোশ্যাল ওয়ার্কার কথা বলবেন। যদি আপনার সন্তানেরা কথা বলতে পারার মত বড় না হয় তাহলে সোশ্যাল ওয়ার্কার হয়ত কেবল তাদেরকে দেখতে চাইবেন, সম্ভবতঃ বাড়িতে। আপনার পরিবারকে চেনেন এমন লোকের সঙ্গেও সোশ্যাল ওয়ার্কার কথা বলতে চাইবেন, যেমন, ডাক্তার, হেলথ ডিজিটর, টিচার অথবা নার্সারী ওয়ার্কার। এইসব লোকের কাছের সঙ্গে আমরা দেখা করব এবং কেন সে সম্বন্ধে আমরা আপনার সঙ্গে কথা বলব।

এ্যাসেসমেন্টের সময়ে আপনার সোশ্যাল ওয়ার্কার বা অন্য কারোও কথার সঙ্গে যদি আপনি একমত না হন তাহলে এ্যাসেসমেন্টের রেকর্ড হিসাবে এসব লিখিয়ে রাখা এবং রেকর্ড করিয়ে রাখার স্বযোগ আপনি পাবেন।

সব তথ্যাদি জোগাড় করা হবার পর এবং এতে জড়িত সবার কথা শোনার পরে সোশ্যাল ওয়ার্কারের ম্যানেজার পরবর্তী পর্যায়ে কি করা হবে তার সিদ্ধান্ত নেবেন। কিছু বিষয় যা হতে পারে সেগুলি হলো:

- আমরা সাহায্য করতে পারার সিদ্ধান্ত নিতে পারি এবং কি করা হবে তার একটা কর্ম-পরিকল্পনা তৈরী করা হবে

- আমরা হয়ত স্থির করতে পারি যে চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে আরোও বিস্তারিত তথ্যের দরকার আছে আপনার সঙ্গে শলা-পরামর্শ করে ঠিক করা হবে যে আর সাহায্যে দরকার নাই অথবা চিলড্রেন এ্যাক্ট ইয়ং পিপলস্ সোশ্যাল কেয়ার সেসব সাহায্য দেবার জন্য সর্বোত্তম এজেন্সী নয়।

এ্যাসেসমেন্টের ফলাফল যাই হোক না কেন এটা জানার অধিকার এবং এতে আপনি সম্মত বা অসম্মত কি-না তা বলার অধিকার আপনার আছে।

এটা হতে কতদিন লাগবে?

আপনার পরিবারের সম্বন্ধে চিলড্রেন এ্যাক্ট ইয়ং পিপলস্ সোশ্যাল কেয়ারের সঙ্গে যোগাযোগ করার পর একজন সোশ্যাল ওয়ার্কার একটি সংক্ষিপ্ত প্রথম অথবা প্রাথমিক এ্যাসেসমেন্ট করবেন যেটা করতে ৭ কর্মদিবসের বেশী সময় লাগবেনা। যদি আপনার একটি সাধারণ এ্যাসেসমেন্ট হয়ে থাকে তাহলে আমরা এই তথ্যগুলি ব্যবহার করে শুরু করব। এর পরে যদি আরোও বিস্তারিত এ্যাসেসমেন্টের দরকার হয় (যেটাকে ‘কোর’ এ্যাসেসমেন্ট বলা হয়) তাহলে আমাদের লক্ষ্য হবে এই দ্বিতীয় পর্যায়টি ৩৫টি কর্ম দিবসের মধ্যে শেষ করা। যদি আপনি বা আপনার পরিবারের সাথে সাথে সাহায্যের দরকার হয় এবং এ্যাসেসমেন্ট সমাপ্ত হওয়া পর্যন্ত অপেক্ষা করতে না পারেন তাহলে আমরা এ্যাসেসমেন্ট শেষ হবার আগে এই সাহায্য দেবার চেষ্টা করব। ‘কোর’ এ্যাসেসমেন্ট শেষ হলে কি ধরণের সাহায্য দেওয়া হবে এবং কারা সেসব দেবে সে সম্বন্ধে একটি কর্ম-পরিকল্পনা তৈরী করা হবে।

আমার কাছ থেকে কি আশা করা হয়?

পিতামাতারা সন্তানের জন্য যা সবেচেয়ে ভালো হবে তাই চান এবং ছেলেমেয়েদের বেড়ে উঠার জন্য তাদের নিজেদের পরিবারই ভালো এই দৃষ্টিকোণ দিয়ে আমরা এ্যাসেসমেন্ট শুরু করার চেষ্টা করি। আমরা আরোও জানি যে পিতামাতা হওয়া বেশ কষ্টের কাজ এবং কিছু বিশেষ সমস্যায় মা-বাবাদের অনেকসময় বাড়তি সাহায্যের দরকার হয়। আপনি যদি আপনার অল্পবিশিষ্টাগুলি আমাদের জানান এবং মন খুলে যতখানি সম্ভব সততার সাথে কাজ করেন তাহলেই আমরা আপনাকে ভালোভাবে সাহায্য করতে পারব। আমরা আরোও চাই যে আপনার পরিবারের যে কোন কর্মশক্তি যাতে আপনি চিনতে পারেন এবং সেসব আমাদের বলেন।